

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ  
ssrc.portal.gov.bd

নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৭০.১৯/৫৪৪

তারিখঃ ২৫ অক্টোবর ২০২৩  
০৯ কার্তিক ১৪৩০

প্রাপকঃ বেগম শারমিন নাহার  
পিএইচডি গবেষক (২০১৭-২০১৮)  
আইবিএস, রাজশাহী বিশ্ববিদ্যালয়  
রাজশাহী  
মোবাইলঃ ০১৭৫৭০৬৬৭১০  
ইমেইলঃ nahardu2002@gmail.com  
sn605597@gmail.com

**বিষয়ঃ গবেষকের সঙ্গে সম্পাদিত চুক্তি বাতিল।**

**গবেষণার শিরোনামঃ "Gender Digital Divide among Secondary School Teachers in Bangladesh" – শীর্ষক পিএইচডি গবেষণা।**

**সূত্রঃ** সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের স্মারক নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৭০.১৯.২৪ তারিখঃ ০২/১০/২০২৩

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোল্লিখিত শিরোনামের গবেষণাটি ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকায় পরিচালনা করার জন্য বিগত ১৮/০৩/২০২০ তারিখে আপনার সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিনামা অনুযায়ী গবেষণার মেয়াদ ছিল ৩৬ (ছত্রিশ) মাস। পরবর্তীতে আপনার ২৩/০২/২০২৩ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে চুক্তির মেয়াদ ৩০/০৬/২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

০২। পিএইচডি গবেষণার চুক্তির বর্ধিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বে গত ২৩/০৫/২০২৩ তারিখের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৭০.১৯-৩৩৬ এর মাধ্যমে নির্ধারিত সময়ে গবেষণা পেপার বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হয়। গত ০২/১০/২০২৩ তারিখের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৭০.১৯-২৪ এর মাধ্যমে গবেষণা পেপার বিশ্ববিদ্যালয়ে জমা দেয়া হলে তার কপি এ বিভাগে ১৫ দিনের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পরও উক্ত পত্রের কোন জবাব পাওয়া যায়নি।

০৩। এমতাবস্থায়, উপরোল্লিখিত শিরোনামের পিএইচডি গবেষণা কর্মটি নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে না পারায় চুক্তিনামার '৩' উপঅনুচ্ছেদে বর্ণিত শর্ত অনুযায়ী সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সাথে আপনার ১৮/০৩/২০২০ তারিখের সম্পাদিত চুক্তিটি নির্দেশক্রমে এতদ্বারা বাতিল করা হলো।

০৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

আন্তরিকভাবে আপনার



মোঃ লুৎফর রহমান

গবেষণা কর্মকর্তা

ফোনঃ ৯১৮০৭৯৭

নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৭০.১৯/৫৪৪

তারিখঃ ২৫ অক্টোবর ২০২৩  
০৯ কার্তিক ১৪৩০

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। যুগ্মসচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। উপসচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ✓ ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা  
(Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সংশ্লিষ্ট নথি, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।



মোঃ লুৎফর রহমান

গবেষণা কর্মকর্তা